# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩৬.০০১.২০-৬৪১ তারিখ: ১৪/১১/২০২২ খ্রি.

## অফিস আদেশ

অত্র বোর্ডের আওতাধীন মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দাখিল পরীক্ষা- ২০২৩ খ্রি: (শিক্ষাবর্ষ ২০২১-২০২২) এর রেজিস্ট্রেশন কার্ড আগামী ২০/১১/২০২২ ইং তারিখ থেকে ১১/১২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত আঞ্চলিক কার্যালয়সমূহ ও বোর্ড এর মাধ্যমে বিতরণ করা হবে।

ম্যানেজিং কমিটির/গভর্নিং বডির সভাপতির মাধ্যমে স্ব-স্ব মাদ্রাসা প্রধানগণ অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধিকে (মাদ্রাসা প্রধান কর্তৃক সত্যায়িত স্বাক্ষরসহ) আবেদনপত্র দাখিলপূর্বক মাদ্রাসা বোর্ডের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় ও বাংলাদেশ মাদ্রাসা বোর্ড, ঢাকা থেকে (ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মুন্সীগঞ্জ, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর জেলা সমূহের) রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

তবে যে সকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপারের এবং ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডির সভাপতির পদ নিয়ে জটিলতা রয়েছে সে সকল মাদ্রাসা প্রধানকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে স্ব স্ব মাদ্রাসা প্রধান অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধি নির্ধারণ করতে হবে।

উল্লেখিত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনের জন্য ২৯/১২/২০২২ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র বোর্ডের রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৪.১১.২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর
আওতাধীন সকল মাদ্রাসা।

নং- ৩৭.১৬.০০০০.০০৬.৩৬.০০১.২০-৬৪১ ১৪.১১.২২ তারিখ: ১৪/১১/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ-

১. জেলা প্রশাসক, (সকল)
২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৪. জনাব মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল (অধিকতর স্বচ্ছতা ও দক্ষতার সাথে দ্রুত রেজিস্ট্রেশন কার্ড বিতরণের ব্যবস্থা করার জন্য নির্দেশনা সহ)
৬. পি.ও. টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।

14.11.22

(তৈয়ব হোসেন সরকার)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: drcommon@bmeb.gov.bd

১৪.১১.২২